**প্রেস রিলিজ**

তারিখ: ১০ আগস্ট ২০২৬

# বাউবিতে পিএইচডি গবেষকদের গবেষণা কার্যক্রম মূল্যায়নে প্রথম সেমিনার

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) ওপেন স্কুল পরিচালিত পিএইচডি প্রোগ্রামের গবেষকদের গবেষণা কার্যক্রম মূল্যায়নের লক্ষ্যে প্রথম সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সোমবার ১০ আগস্ট বাউবির গাজীপুরস্থ মূল ক্যাম্পাসের শিক্ষক কনফারেন্স রুমে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে পিএইচডি প্রোগ্রামের দুই গবেষক তাঁদের গবেষণা কার্যক্রম উপস্থাপন করেন। সকাল ১০টায় মেজর কায়সার মিলন "Challenges and Opportunities in Preserving the History of Border Security: A Study of the Border Guard Bangladesh Museum" এবং বেলা সাড়ে ১১টায় মেজর এম. জাহিদ হাসান মারুফ "Security Measures and Military Strategies in the Independent Bengal Sultanate (1352-1576): A Cultural Historical Study of Defensive and Offensive Tactics" শীর্ষক গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন।

সেমিনারে মূল্যবান বক্তব্য প্রদান করেন বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান ও ট্রেজারার অধ্যাপক ড. শেখ রফিকুল ইসলাম। নবীন গবেষকদের অভিনন্দন জানিয়ে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান বলেন, গবেষণা হচ্ছে কোনো বিষয় বা সমস্যা সম্পর্কে সুশৃঙ্খল ও বৈজ্ঞানিক পদ্ধতিতে নতুন তথ্য অনুসন্ধান, বিশ্লেষণ ও জ্ঞান সৃষ্টির প্রক্রিয়া। এর মাধ্যমে বিদ্যমান জ্ঞানের সত্যতা যাচাই, নতুন ধারণা উদ্ভাবন এবং সমস্যার সমাধান খোঁজা হয়। তিনি বলেন, "জানার জন্য পরিকল্পিত ও প্রমাণভিত্তিক অনুসন্ধানই গবেষণা। আজকের এ প্রয়াস আগামীকালের জন্য পাথেয় হয়ে থাকবে।"

গবেষণা দুটির তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করেন বাউবির ওপেন স্কুলের সহযোগী অধ্যাপক ড. মো. আদনান আরিফ সালিম। সেমিনারে বহিঃসদস্য হিসেবে উপস্থিত ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. সৈয়দ মোহম্মদ কামরুল আহসান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিল্পকলার ইতিহাস বিভাগের অধ্যাপক ড. শেখ মনিরউদ্দিন জুয়েল, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. মো. আবুল কালাম আজাদ এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রত্নতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. মো. মিজানুর রহমান। আরো ছিলেন গবেষণা সমন্বয় কমিটির চেয়ারপারসন এবং ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. মোছা. শিরিন সুলতানা।

পিএইচডি গবেষকদের গবেষণার অগ্রগতি, গবেষণার মান ও কার্যক্রম মূল্যায়নের অংশ হিসেবে এ সেমিনারের আয়োজন করা হয়।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)